# 2019

## PHILOSOPHY — HONOURS

### Paper : CC-5

### Full Marks : 65

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে নিম্নোক্ত ***দশটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০

(ক) 'মনোবিজ্ঞান মনের বিজ্ঞান নয়'— এই অভিমতের প্রবক্তা হলেন

(অ) ম্যাক্‌ডুগাল (আ) ওয়াট্‌সন্

(ই) স্টাউট (ঈ) ফ্রয়েড।

(খ) "প্রত্যক্ষই জ্ঞানের সরলতম একক, সংবেদন নয়" — এই অভিমতের সমর্থকরা হলেন

(অ) অনুষঙ্গবাদী (আ) গেস্টাল্টবাদী

(ই) অবয়ববাদী (ঈ) আচরণবাদী।

(গ) মরুভূমিতে মরীচিকা দেখা কী জাতীয় প্রত্যক্ষের উদাহরণ?

(অ) যথার্থ প্রত্যক্ষ (আ) ভ্রম বা অধ্যাস (Illusion)

(ই) অমূল প্রত্যক্ষ (Hallucination) (ঈ) কোনোটিই নয়।

(ঘ) নিম্নলিখিত দার্শনিকদের মধ্যে কোন্ দার্শনিক গেস্টাল্টবাদী (Gestaltist) রূপে পরিচিত ছিলেন?

(অ) প্যাভ্‌লভ্ (আ) থর্ণডাইক

(ই) ওয়াট্‌সন্ (ঈ) কোহ্‌লার

(ঙ) কোন্ দার্শনিক দেহ-মন বিষয়ক অভিন্নতাবাদের কথা বলেন?

(অ) দেকার্ত (আ) স্পিনোজা

(ই) স্মার্ট (ঈ) এঁদের কেউই নন

(চ) দ্বিভঙ্গি মতবাদের সমর্থক হলেন

(অ) ওয়াট্‌সন্ (আ) কোহ্‌লার

(ই) স্কিনার (ঈ) স্পিনোজা।

(ছ) ফ্রয়েডের মতে মনের স্তর হল

(অ) চারটি (আ) তিনটি

(ই) দুটি (ঈ) ছয়টি।

(জ) "স্বপ্ন হল নিদ্রারক্ষক"— এই উক্তিটি করেছিলেন

(অ) বিনে (আ) কোহ্‌লার

(ই) ফ্রয়েড (ঈ) ওয়েবার।

(ঝ) বুদ্ধি অভীক্ষার ক্ষেত্রে 'মানসিক বয়সের' উল্লেখ কে প্রথম করেছিলেন?

(অ) স্পিয়ারম্যান্ (আ) এবিংহাউস

(ই) টারম্যান্ (ঈ) বিনে

(ঞ) নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে থেকে অনুষঙ্গবাদীর নামটি নির্বাচন করো।

(অ) টিশেনার (আ) কফ্‌কা

(ই) ফ্রয়েড (ঈ) স্টাউট

(ট) কোন্ সালে বিনে-সিমোঁ স্কেলটি তৈরি হয়েছিল?

(অ) ১৯০৫ (আ) ১৯০৬

(ই) ১৯০৭ (ঈ) ১৯০৮

(ঠ) ব্যক্তিত্ব গঠনের সহায়ক মুখ্য দুটি উপাদান কী কী?

(অ) বংশগতি ও পরিবেশ (আ) বংশগতি ও নিয়মানুবর্তিতা

(ই) পরিবেশ ও আত্মবিশ্বাস (ঈ) কোনোটিই নয়

২। নিম্নোক্ত *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৫

(ক) পরীক্ষণ পদ্ধতিতে ব্যবহৃত নিয়ন্ত্রিত দল ও পরীক্ষণমূলক দলের পার্থক্য কী?

(খ) সংবেদন ও প্রত্যক্ষের মধ্যে পার্থক্য করো।

(গ) সাপেক্ষ প্রতিবর্ত কীভাবে সরল প্রতিবর্তের থেকে ভিন্ন?

(ঘ) গেস্টাল্টমতানুযায়ী মূর্তি ও পটভূমির মধ্যে পার্থক্য নিরূপণ করো।

(ঙ) দেহ-মন সম্পর্ক বিষয়ে ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের মূল বক্তব্য আলোচনা করো।

(চ) আসংজ্ঞান স্তর বলতে কী বোঝায়? সংক্ষেপে ব্যাখ্যা করো।

(ছ) বুদ্ধ্যঙ্ক কাকে বলে? বুদ্ধ্যঙ্কের পরিমাপ কীভাবে করা হয়?

(জ) ব্যক্তিত্বের 'প্রলক্ষণ' কাকে বলে? সংক্ষেপে আলোচনা করো।

৩। নিম্নোক্ত *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১৫×২

(ক) অন্তর্দর্শন কী? অন্তর্দর্শনের তিনটি স্তর আলোচনা করো। মনোবিদ্যায় অন্তর্দর্শন কি নির্ভরযোগ্য পদ্ধতিরূপে গ্রহণীয় হতে পারে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ২+৫+৮

(খ) মনুষ্যেতর প্রাণীর শিক্ষণ সংক্রান্ত 'প্রচেষ্টা ও ভ্রম সংশোধন' মতবাদটি সবিচার আলোচনা করো। অন্তর্দৃষ্টির মাধ্যমে শিক্ষণতত্ত্ব কি এই মতবাদের তুলনায় অধিকতর সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করে?— আলোচনা করো। ১০+৫

(গ) "মানসিক অবস্থা মস্তিষ্কের কতকগুলি ভৌত অবস্থার সঙ্গে অভিন্ন" — এই মতবাদটি বিচারপূর্বক আলোচনা করো। ১৫

(ঘ) "স্বপ্নে আমাদের অবদমিত ইচ্ছা ছদ্মরূপে প্রকাশিত হয়" — বক্তব্যটি ফ্রয়েডের স্বপ্নতত্ত্বের আলোকে ব্যাখ্যা করো। এই প্রসঙ্গে স্বপ্নক্রিয়া সম্বন্ধে ফ্রয়েডের মত ব্যাখ্যা করো। ১০+৫

**[ English Version ]**

*The figures in the margin indicate full marks.*

1. Choose the correct option from the following questions (***any ten***) : 1×10

(a) "Psychology is not the science of mind" — The proponent of this view is

(i) McDougall (ii) Watson

(iii) Stout (iv) Freud.

(b) "Perception is the simplest unit of knowledge, not sensation" — The supporters of this view are

(i) Associationists (ii) Gestalt Psychologists

(iii) Structuralists (iv) Behaviourists.

(c) Seeing mirage in a desert – Identify the kind of perception.

(i) Valid perception (ii) Illusion

(iii) Hallucination (iv) None of these

(d) Who, from the following list of philosophers, is an advocator of Gestalt philosophy?

(i) Pavlov (ii) Thorndike

(iii) Watson (iv) Köhler

(e) Which philosopher upholds the Identity theory regarding mind-body?

(i) Descartes (ii) Spinoza

(iii) Smart (iv) None of them

(f) The supporter of the Double-aspect theory is :

(i) Watson (ii) Köhler

(iii) Skinner (iv) Spinoza.

(g) According to Freud the levels of mind are :

(i) four (ii) three

(iii) two (iv) six.

(h) "Dream is the guardian of sleep." — this statement was made by

(i) Binet (ii) Köhler

(iii) Freud (iv) Weber.

(i) Who first mentioned the term 'mental age' in case of intelligence test?

(i) Spearman (ii) Ebbinghaus

(iii) Terman (iv) Binet

(j) Select the name of the Associationist philosopher from the following options.

(i) Titchener (ii) Kŏffka

(iii) Freud (iv) Stout

(k) In which year Binet–Simon scale was made?

(i) 1905 (ii) 1906

(iii) 1907 (iv) 1908

(l) What are the two factors those affect in developing personality?

(i) Heredity and Environment (ii) Heredity and Orderliness

(iii) Environment and Self-confidence (iv) None of these

2. Answer ***any five*** of the following questions : 5×5

(a) What is the difference between the control group and the experimental group as used in the experimental method?

(b) Distinguish between sensation and perception.

(c) How does a conditioned reflex differ from a simple reflex?

(d) What, according to the Gestalt psychologists, is the distinction between figure and background?

(e) Discuss the main tenets of interactionism regarding the relationship between body and mind.

(f) What is meant by the preconscious level of the mind? Explain briefly.

(g) What is I.Q.? How is I.Q. measured?

(h) What is meant by the 'traits' of personality? Discuss briefly.

3. Answer ***any two*** of the following questions : 15×2

(a) What is Introspection? Discuss the three stages of Introspection. Can it be regarded as a dependable method of psychology? Give reasons for your answer. 2+5+8

(b) Critically discuss the Trial and Error theory of animal learning. Can the theory of learning by insight give a more satisfactory account of animal learning than the former? Discuss. 10+5

(c) Critically explain the view that "mental states are identical with certain physical states of the brain". 15

(d) "Dreams are disguised expressions of repressed wishes"— Explain this statement in the light of Freud's theory of dreams. Discuss in this connection the mechanism of dreams as given by Freud. 10+5